# উপজেলা পরিষদ
# গোলাপগঞ্জ, সিলেট

<u>জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের দ্বিতীয় মাসিক সাধারন সভার কার্যবিবরণী</u>

সভাপতিঃজনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ১১ জুলাই ২০২৪ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যাগনের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র. নং</th><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ</td></tr>
<tr><td>২</td><td colspan="4">পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ</td></tr>
<tr><td>২/১</td><td>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ</td><td>২০২৪-২৫ অর্থ বৎসরের ১ম এবং ৬ষ্ট উপজেলা পরিষদের ২য় মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। তিনি জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি থোক বরাদ্দ হতে ৩২টি প্যাকেজে ৪১টি স্কীমের কাজ বাস্তবায়ন করা হয়েছে, যার বিপরীতে ১,৩৫,৯৬,০০০.০০ (এক কোটি পয়ত্রিশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা ব্যয় হয়েছে এবং রাজস্ব উর্দ্বৃত্ত হতে ১৫টি প্যাকেজে ৩০টি স্কীমের কাজ বাস্তবায়ন করা হয়েছে, যার বিপরীতে ১,০৭,৭৪,১৩৫.০০ (এক কোটি সাত লক্ষ চুয়াত্তর হাজার একশত পয়ত্রিশ) টাকা ব্যয় হয়েছে।<br>তিনি আরো জানান যে, গত অর্থ বৎসরে বাজেট স্বল্পতার কারণে ৫টি প্যাকেজে ৯টি স্কীমের কাজ বাস্তবায়ন শতভাগ সম্পন্ন হলেও বিল পরিশোধ করা সম্ভবপর হয়নি। ২৫ জুন ২০২৪ইংতারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের বিশেষ সাধারন সভায় উক্ত ৯টি স্কীমকে Carrid over স্কীম হিসেবে গণ্য করে ২০২৪-২০২৫ অর্থ বৎসরের রাজস্ব উর্দ্বৃত্ত হতে ব্যয় পরিশোধ করার পক্ষে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তৎপ্রেক্ষিতে উক্ত ৯টি স্কীম ২০২৪-২০২৫ অর্থ বৎসরের উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভূক্ত করে রাজস্ব উর্দ্বৃত্ত হতে ব্যয় পরিশোধ করার জন্য তিনি সভায় উপস্থাপন করেন। স্কীমসমূহ নিম্নরুপঃ-<br><table><tr><th>ক্র নং</th><th>প্যাকেজ নং</th><th>স্কীমের নাম</th><th>চুক্তিমূল্য (টাকা) ও অগ্রগতি (%)</th><th>ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম</th></tr><tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr><tr><td>০১</td><td>৫-GP.SYL-GOL/</td><td>(ক)বুধবাড়ীবাজার ইউনিয়নের বাগিরঘাট স্কুল এন্ড কলেজ</td><td>১১,৪৭,৪০৯.০৫ (১০০ ভাগ)</td><td>M/S Anwar Hussen</td></tr></table></td><td>উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত ২০২৩-২০২৪ অর্থ বৎসর হতে Carrid over কৃত ৯টি স্কীম সহ বর্ণিত সকল প্রকল্পই অত্যান্ত জন গুরুত্বপূর্ণ বিবেচিত হওয়ায় ২০২৪-২০২৫ অর্থ বৎসরের উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভূক্ত করে ব্যয় রাজস্ব উর্দ্বৃত্ত হতে পরিশোধ করার পক্ষে পরিষদে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | ADP-2023-24/ Work-06 | হতে কুশিয়ারা ডাইক পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন।<br>(খ) বুধবাড়ীবাজার ইউনিয়নের ৩নংওয়ার্ডের বহরগ্রাম বাজার রাস্তা সিসি দ্বারা উন্নয়ন।(গ) বুধবাড়ীবাজার ইউনিয়নের ১নংওয়ার্ডের কটলী পাড়া জামে মসজিদের সম্মুখ হতে পাখি মিয়ার বাড়ীর পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন। | | Bagha, Golapganj, 01712-773750 |
| ০২ | e-GP/SYL/ GOL/ ADP-2023-24/ Work-14 | (ক) শরীফগঞ্জ ইউনিয়নের ১নং ওয়ার্ড রাংজিয়ল জামে মসজিদের রাস্তার পাশে গাইড ওয়াল নির্মাণ সহ হাবি মিয়ার বাড়ীর সম্মুখ হইতে জামে মসজিদের রাস্তার ব্রীজ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন।<br>(খ) শরীফগঞ্জ ইউনিয়নের ২নং ওয়ার্ড ইসলামপুর খেয়াঘাট হইতে পূর্বদিকে আব্দুর রশিদ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৯,০২,৫০০.৯৫ (১০০ ভাগ) | M/S H.A Enterprise, Golapganj, 01711-967187 |
| ০৩ | কামাল আহমদ, ইউপি সদস্য, ফুলবাড়ী ইউপি (প্রযোজ্য নহে) | ফুলবাড়ি ইউনিয়নের ১নং ওয়র্ডের পাঁচমাইল বাজার হইতে বরায়া উত্তরভাগ নদীর পাড় পর্যন্ত খাল খনন, ড্রেন পরিষ্কার, কালভার্টের স্লেব এবং সাইড সংস্কার। | ৭০,০০০.০০ (১০০ ভাগ) | কামাল আহমদ ,ইউপি সদস্য, ফুলবাড়ি ইউপি, গোলাপগঞ্জ, সিলেট। |
| ০৪ | RFQ/UE/ LGED/GOLAP/ADP/2023-2024/Bastu-08 | (ক)ফুলবাড়ি ইউনিয়নের মাইজভাগ মুক্তিযোদ্ধা আফতাব আলীর বাড়ীর সামন হতে ইকবাল হোসেন আলী বক্স এর বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত।<br>(খ) ফুলবাড়ি ইউনিয়নের মাইজভাগ ছালিক উদ্দিনের বাড়ীর সামন হতে কালাই শাহ মাজার পর্যন্ত রাস্তা মেরামত। | ৩,৯৮,৩৪৯.৫১ (২০ ভাগ) | মেসার্স সুজন এন্টারপ্রাইজ, গোলাপগঞ্জ, সিলেট। |
| ০৫ | RFQ/UE/ LGED/GOLAP/ADP/2023-2024/Bastu-09 | ঢাকাদক্ষিন ইউনিয়নের ২নং ওয়ার্ড দক্ষিণ কানিশাইল পূর্বভাড়েরা জামে মসজিদ রোড পূনঃ সংস্কার। | ৪,৭০,০০২.৯০ (১০০ ভাগ) | মেসার্স শিপলু এন্টারপ্রাইজ, গোলাপগঞ্জ, সিলেট। |
| | | সর্বমোটঃ | ২৯,৮৮,২৬২.৪১ | |

তিনি আরো জানান যে, গত অর্থ বৎসরের ১৩ জুন ২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১ম সাধারন সভায় গত জুন/২৪ মাসে ভারী বর্ষনে ধ্বসে যাওয়া আমুড়া ইউনিয়নের আমনিয়া-১ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পিছনের প্রতিরক্ষা ওয়াল এবং লক্ষনাবন্দ "ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের" গমনের একমাত্র ধ্বসে যাওয়া সংযোগ সড়কের পূনঃনির্মাণে যথাক্রমে ১,৮৬,৫২০.০০ (এক লক্ষ ছিয়াশি

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>হাজার পাঁচশত বিশ) টাকা এবং ১,২৫,০০০.০০ (এক লক্ষ পচিশ হাজার) টাকার ব্যয় ২০২৪-২০২৫ অর্থ বৎসরের রাজস্ব উর্দ্বৃত্ত হতে পরিশোধ করার পক্ষে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। উক্ত স্কীম ২টি নিম্নরূপঃ-
<table>
<tr><th>ক্র নং</th><th>প্যাকেজ নং</th><th>স্কীমের নাম</th><th>প্রাক্কলিত মূল্য (টাকা)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td>০১</td><td>প্রযোজ্য নহে</td><td>আমনিয়া-১ সঃ প্রাঃ বিদ্যালয়ের নিরাপত্তার স্বার্থে প্রতিরক্ষা ওয়াল পূনঃনির্মাণ।</td><td>১,৮৬,৫২০.০০</td><td rowspan="2">১৩ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভায় ২০২৪-২০২৫ অর্থ বৎসরে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত হয়।</td></tr>
<tr><td>০২</td><td>প্রযোজ্য নহে</td><td>লক্ষনাবন্দ "ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের" যোগাযোগ ব্যবস্থা পূনঃস্থাপনের জন্য ইউ ড্রেইন কালভার্ট নির্মাণ।</td><td>১,২৫,০০০.০০</td></tr>
<tr><td colspan="3">সর্বমোটঃ</td><td>৩,১১,৫২০.০০</td><td></td></tr>
</table>
উপজেলা প্রকৌশলী জানান যে, প্রতিটি প্রকল্পই অত্যন্ত জনগুরুত্বপূর্ণ এবং ইতোমধ্যে ৯টি প্রকল্পেরই কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। আমনিয়া-১ সঃ প্রাঃ বিদ্যালয়ের প্রতিরক্ষা ওয়াল পূনঃনির্মাণ ওলক্ষনাবন্দ "ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের" গমনের রাস্তায় ইউ ড্রেইন কালভার্ট পূনঃনির্মাণের কাজ চলমান রয়েছে। আগামী কয়েকদিনের মধ্যেই উভয়েরই কাজ শতভাগ শেষ হবে মর্মে তিনি আশা প্রকাশ করেন।প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত বিষয়সমূহ পরিষদে বিস্তারিত আলোচনা হয় এবং ২০২৪-২০২৫ অর্থ বৎসরের উন্নয়ন পরিকল্পনায় বর্ণিত সকল স্কীম অন্তর্ভূক্ত করে রাজস্ব উর্দ্বৃত্ত হতে বাস্তবায়নের জন্য পরিষদের সকল সদস্যগণ একমত পোষন করেন।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>২/২</td>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ২০,৬৭৬জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫০১ জন, ইর্মাজেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ৩১৪৪ জন, নরমাল প্রসব সেবা ৫২ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১৭২ টি, সিজারিয়ান প্রসব সেবা ০২ জন। ল্যাব টেষ্ট ৪৮০.আরবিএস ১৩৫। তিনি আরও বলেন, হাসপাতালের সেবা কার্যক্রম চলমান রয়েছে এবং অবকাঠামো বিষয় ও কমিউনিটি ক্লিনিক বেগবান করার বিষয়ে আলোচনা হয়।</td>
<td>হাসপাতালের সেবা কার্যক্রম অবকাঠামো বিষয় এবং কমিউনিটি ক্লিনিক বেগবান করার বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সচেষ্ট থাকবেন।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্যওপ.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান</td>
</tr>
<tr>
<td>২/৩</td>
<td>পরিবার পরিকল্পনা বিভাগ</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা।</td>
<td>পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান</td>
</tr>
</table>

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সচেষ্ট থাকবেন। | |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান,বর্তমান মৌসুমের জন্য প্রনোদনা ও পুনর্বাসন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। বিভিন্ন প্রকল্পের আওতায় কৃষি প্রযুক্তি মেলা ২০২৪ চলমান। চলমান আমন মৌসুমে ১১৭১৬ হেক্টর জমিতে আমন উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। এ লক্ষ্যমাত্রা অর্জনে কৃষি সম্প্রসারন অধিদপ্তর গোলাপগঞ্জ কাজ করছে। পরবর্তী রবি মৌসুমে সেচের সমস্যা সমাধানের জন্য খাল খনন এবং পুন: খনন একান্ত প্রয়োজন। প্রতিটি ইউনিয়ন থেকে খননের জন্য খালের নাম আহবান করা হচ্ছে। আগামী ১৬/৭/২৪ তারিখের মাঝে ১১ টি খালের নাম পাঠানো হলে সে গুলো খননের বরাদ্দ আনানো সম্ভব হবে। কিন্তু প্রতিটি ইউনিয়ন যদি সংশ্লিষ্ট ওয়ার্ড ও অন্যান্য কৃষকদের সাথে বসে ইউনিয়নের কোন কোন খাল খননের আওতায় আনয়ন করা প্রয়োজন সেটির একটি মাস্টার প্ল্যান করা হলে তা কৃষির জন্য সেচের জন্য উপকৃত হত। | প্রতিটি ইউনিয়নের সম্মানিত ইউপি চেয়ারম্যানদের দ্রুত খাল খননের তালিকা প্রেরনের জন্য সভায় অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার ভূমি/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, হাকালুকি হাওরে মৎস্য সুরক্ষা ও সংরক্ষন কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত মা মাছ এবং রেনু পোনা আহরন বন্ধের জন্য অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা হয় এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। পাশাপাশি হাওর অঞ্চলে বসবাসকারী মৎস্যজীবীদেরকে নিয়ে সচেতনতামূলক বা উদ্বুদ্ধকরন সভার আয়োজন করা হলে জনগণের সচেতনতা বৃদ্ধি করা যাবে। | মা মাছ এবং রেনু পোনা আহরন বন্ধের জন্য অভিযান কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ২১৯৫, হাঁস মুরগীর চিকিৎসা ১৪৯৪০, কৃত্রিম প্রজনন ২০৯, গবাদি পশুর টিকা প্রদান ১৩৯৮, হাঁস মুরগীর টিকা প্রদান ২৩৫০৫, উন্নত জাতের ঘাস চাষ ২ একর, উঠান বৈঠক আয়োজন ৬, ভেক্সিনেশন ক্যাম্পেইন ৮, ফ্রি ভেটেরিনারী মেডিকেল টিম ০২। | গবাদি পশুর চিকিৎসা এবং ঠিকা কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান,শিকপুর স.প্রা.বিদ্যালয়ের টিনসেড ভবনের টিন শিলার আঘাতে ছিদ্র হয়ে যাওয়ায় পাঠদান ব্যাহত হচ্ছে। বিদ্যালয় ভবনটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে মেরামত প্রয়োজন। এ ছাড়া বেশ কয়েকটি বিদ্যালয়ে বেঞ্চ স্বল্পতা রয়েছে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে ১০০ জোড়া বেঞ্চ বরাদ্দ দেয়ার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | সরেজমিন পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, এইচএসসি/আলীম পরীক্ষা ২০২৪ এখন পর্যন্ত সুষ্ঠু ও শান্তিপূর্ণপরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। সকল ট্যাগ অফিসারসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতায় পরীক্ষার সার্বিক পরিবেশ ভাল। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | এইচএসসি/ আলীম পরীক্ষা ২০২৪ সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পাদনের এবং বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় নলকুপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান নলকুপ স্থাপনের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির পেরোল প্রেরণের প্রক্রিয়া শুরু হয়েছে। এ ব্যাপারে সম্মানিত সকল ইউপি চেয়ারম্যানগণের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। ইতোমধ্যে যেসব ভাতাভোগী মৃত্যুবরন করেছেন, স্থানান্তর হয়েছেন; বিধবা ভাতাভোগী যারা পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন; সেসব উপকারভোগীর ভাতা প্রতিস্থাপনের জন্য দ্রুত তাদের তালিকা ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জুলাই/২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হচ্ছে। তাছাড়া ২০২৪-২৫ অর্থবছরের প্রথম কিস্তির পেরোল প্রেরণের পূর্বে প্রত্যেক উপকারভোগীকে লাইভ ভেরিফিকেশনের জন্য ইউপি- এ ওয়ার্ডভিত্তিক তালিকা অনুযায়ী ডাকা হবে। এ বিষয়ে সকল চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করা হয়। | উপকার ভোগীদের সেবা প্রদান কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষনের লক্ষ্যমাত্রা মোট ২৪ টি ব্যাচে সর্বমোট ৪২০ জন যুবক ও যুব নারীকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন দেয়া হবে বাজেট প্রাপ্তি সাপেক্ষে।বর্তমানে ৩০ জন যুব নারীকে সেলাই প্রশিক্ষন দেয়া হচ্ছে।এই অর্থবছরে মোট ৩০ জন যুবক ও যুব নারীকে ১৬,৫০,০০০/- টাকা যুব ঋণের লক্ষ্যমাত্রা রয়েছে। | যুব ঋণ কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে মোট ঋণ বিতরন ৬৫.৭৩ লক্ষ টাকা এবং ঋণ আদায় ৬৬.২১ লক্ষ টাকা। | ঋণ আদায়ের হার বাড়ানোর সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, জুলাই/২৪ মাস হতে আগষ্ট/২৪ মাস পর্যন্ত বিক্রয় দিবসে চাল ও আটা বিক্রয় কার্যক্রম চলমান আছে। প্রতিদিন ২ টি বিক্রয় কেন্দ্রে ১ মে.টন চাল ও ১ মে.টন আটা বিক্রয় করা হয়।প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ৩০ টাকা এবং প্রতি কেজি আটার বিক্রয় মূল্য ২৪ টাকা । মাথাপিছু ৫ কেজি করে চাল ও আটা বিক্রয় করা হয়। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ভিডব্লিউবি কার্যক্রমের ২০২৩-২৪ চক্রের খাদ্যশস্য গত জুন/২৪ মাস পর্যন্ত বরাদ্দ থাকায় বিতরন কাজ সম্পন্ন হয়েছে। আগামী জুলাই হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে খাদ্যশস্য বিতরনের ডিও (ছাড়পত্র) দেয়া হবে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অনুকূলে সংসদীয় এলকায় বিনামূল্যে বিতরনের জন্য ৫০০০ টি চারা বন বিভাগ থেকে বরাদ্দ প্রদান করা হইয়াছে। সংসদ সদস্য মহোদয়ের নিকট থেকে শুধুমাত্র গোলাপগঞ্জ উপজেলায় বিতরনের জন্য ২৫০০ টি চারা বিতরনের তালিকা প্রাপ্তি সাপেক্ষে অতি দ্রুততার সহিত চারা সরবরাহ করা হবে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | গোলাপগঞ্জ উপজেলায় বিতরনের জন্য ২৫০০ টি চারা সুষ্ঠুভাবে বিতরনের ও বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। বর্তমান গ্রীষ্ম মৌসুমে মাঝে মাঝে লোডশেডিং হচ্ছে। ট্রান্সফর্মার চুরি বৃদ্ধি পাচ্ছে। ট্রান্সফর্মার চুরি রোধে সকলের সহযোগিতা চাওয়া হচ্ছে। | ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধির জন্য ডিজিএম | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পল্লীবিদ্যুৎ সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান |
| ২/১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, মে মাসের সঞ্চয় আদায় ৩.৮৭ লক্ষ টাকা, ঋণ আদায় ৯৫.৫৫ লক্ষ টাকা বিতরন ৯০.৩৪ লক্ষ টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, জুন/২৪ মাস পর্যন্ত ঋণ বিতরন ২ কোটি ৫০ লক্ষ ৩০ হাজার ঋণ আদায় ২ কোটি ৮৬ লক্ষ ৭৭ হাজারা টাকা। হার ৯৮%। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, সিলেট বিভাগে ভূ-পরিস্থ পানি ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় ইতোমধ্যে প্রিপ্রকনেক সম্পন্ন হয়েছে উক্ত প্রকল্পের আওতায় গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে ১১ টি খাল পুন:খননের জন্য ডিপিপিতে অন্তর্ভুক্ত আছে।এছাড়া তিনি সকল ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষন করে আরও খাল পুন:খননের প্রয়োজন মনে হলে আগামী ১৭/০৭/২৪ খ্রিঃ তারিখ এর মধ্যে প্রয়োজনীয় তালিকা দেওয়ার জন্য অনুরোধ করেন। উক্ত খালগুলোর তালিকা সংগ্রহ করে পরবর্তীতে প্রকল্পে লিপিবদ্ধ করবেন বলে সভায় আশ্বস্থ করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় পুন:খনন যোগ্য খাল সমূহের তালিকা বিএডিসি উপসহকারী প্রকৌশলীর নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলাপ্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২২ | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি সভায় জানান, ক) পুরকায়স্থবাজার কমলগঞ্জ রাস্তায় এস.ই হাইস্কুলের সামনে কালভার্ট ভেঙ্গে চলাচল বন্ধ রয়েছে। জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। খ) লক্ষনাবন্দ ইসলামাবাদ খামার বাড়ীর সামনে জলাবদ্ধতা নিরসনে ৩০০ ফুট জায়গা উচু করার প্রস্তাব উত্তাপন করেন। | সংশ্লিষ্ট বিষয়ে ক) ও খ) সরেজমিন পরিদর্শন পুর্বক উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২৩ | চেয়ারম্যান, আমুড়া ইউপি | চেয়ারম্যান, আমুড়া ইউপি সভায় জানান, ক) শিলঘাট কমিউনিটি ক্লিনিক কিভাবে সচল করা যায় তার ব্যবস্থা করা খ) উপজেলা ষ্টেন্ডিং কমিটি গুলো সচল করার বিষয়ে সভায় প্রস্তাব উত্তাপন করেন। | ক) সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় খ) খুব দ্রুত সময়ের মধ্যে উপজেলা নতুন ষ্টেন্ডিং কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলাকৃষিঅফিসার/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/২৪ | চেয়ারম্যান, শরীফগঞ্জ ইউপি | চেয়ারম্যান, শরীফগঞ্জ ইউপি সভায় জানান,খ) ৪ নং ওয়ার্ড কাদিপুর/নুরজাহানপুর চলমান ইটসলিং রাস্তা বন্যা ও দক্ষিনা ঢেউয়ের কারনে ভেঙ্গে যাচ্ছে, ঐ রাস্তার পাশে গার্ডওয়াল নির্মান করা জরুরী খ)৩ নং ওয়ার্ড মডেল স্কুল রাস্তা হাকালুকি বাজার পর্যন্ত মাটি ভরাটকরন এবংগ) ১ নং ওয়ার্ড রাংজিয়লের বন্যার পানি ও বৃষ্টির কারনে গার্ডওয়াল ভেঙ্গে তা মেরামত করার জন্য সভায় প্রস্তাব উত্তাপন করেন। | ক),খ) ও গ) সংশিষ্ট বিষয়ে উপজেলা প্রকৌশলী সরেজমিন তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২৫ | চেয়ারম্যান, বাদেপাশা ইউপি | চেয়ারম্যান, বাদেপাশা ইউপি সভায় জানান,ক) এলজিইডির নির্মানাধীন শান্তিরবাজার ব্রীজ হইতে বাদেপাশা ইউনিয়ন পরিষদ পর্যন্ত রাস্তার পাশের গাছ ও ইউনিয়ন পরিষদের ভিতরের গাছ কাটা খুবই জরুরী খ) ইউনিয়নের অধিকাংশ রাস্তা কাচা ও নদী বিধৌত, অন্যদিকে নদীর তীরে নির্মিত অনেক জায়গা ভেঙ্গে যায় ফলে ৬০ শতাংশ এলাকা প্লাবিত হয়ে যায়, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব উত্তাপন করেন। | ক),খ) সংশিষ্ট বিষয়ে উপজেলা প্রকৌশলী সরেজমিন তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২৪ | বিবিধ | ক) উপজেলা পরিষদের কম্পিউটার সরঞ্জামাদি ক্রয় বাবদ ৭৫,০০০/-, সিসি ক্যামেরা ক্রয় বাবদ ৫০,০০০/- ,পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪,৭৫০/- ,আসবাবপত্র ক্রয় বাবদ ৪৯,০০০/-, ২ টি পানির পাম্প বোরিং বাবদ ৭৪,৬০০/-টাকার বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>খ) হেতিমগঞ্জ হইতে ঢাকাদক্ষিন দেওয়ান রোড সংস্কারের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>গ) ভাদেশ্বর ইউনিয়নের ফতেহপুর আশ্রয়ন প্রকল্পে যাওয়ার পূর্বে একটি কালভার্ট পানি নিস্কাশন না হওয়ার জন্য বন্ধ রাখা হয়েছে। এটা খোলে দেওয়ার জন্য এলাকাবাসীর জোর দাবী। সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>ঘ) অসমাপ্ত কাজ ঠিকাদার ফেলে রাখার কারনে জন সাধারনের দুর্ভোগের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>ঙ)বিভিন্ন ভাঙ্গা ও চলাচল অনুপযোগী রাস্তা সমূহের ক্ষয়ক্ষতি রোধ কল্পে মোবাইল মেইনটেইনেন্স করে চলাচল উপযোগী রাখার প্রচেষ্টা অতি উত্তম বলে উ. প্রকৌশলী স্বীকার করেন এবং পরিষদ সম্মত হলে তিনি এই রকম কিছু রাস্তার তালিকা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করবেন বলে জানান। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান, হেতিমগঞ্জ হইতে কোনাচর বাজার পর্যন্ত বেশী ভাঙ্গা অংশ সমূহ আনুমানিক ২ কি.মি. অংশের মেরামতের জন্য ইতিমধ্যে ঠিকাদার নিয়োগ করা হয়েছে এবং কাজ চলমান রয়েছে। বর্তমানে বর্ষায় কাজ সাময়িকভাবে বন্ধ রয়েছে। আগামী ডিসেম্বরের মধ্যে মেরামত কাজ শেষ হবে।<br>গ) এ বিষয়ে উপজেলা প্রকৌশলী | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | জানান, বিষয়টি তিনি অবগত আছেন এবং উক্ত বিষয়ে ইউপি চেয়ারম্যানের সহযোগিতা চেয়েছেন।<br>ঘ)উক্ত বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে, আগামী ৭-১০ দিনের মধ্যে একটি সংক্ষিপ্ত তালিকা প্রকাশ করে উপজেলা চেয়ারম্যানের নিকট উপস্থাপন করবেন।<br>ঙ) উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। | |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয়অনুমোদন ও অবহিতকরন | জনাব আব্দুল সোবহান,পরিচ্ছন্নতাকর্মী ও ফাহিমা বেগম মালীর মে /২৪ মাসের মজুরী বাবদ ১২১০০/-+১২১০০/- চেক প্রদান চেক নং৮৪০৩৮৬৭-৬৮ তাং১২/৬/২৪। পৌর কর বাবদ ১৪৩৯৬৪/- চেক প্রদান চেক নং৮৪০৩৮৭১ তাং১২/৬/২৪।ইন্টারনেট বিল বাবদ ২৪,০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৩৮৭৩ তাং ১২/৬/২৪।আনসারদের নিরাপত্তা বাবদ১১২০০/- চেক প্রদান চেক নং৮৪০৩৮৭৪ তাং ১২/৬/২৪।টেলিফোন বিল বাবদ ৭৬২৬/- চেক প্রদান চেক নং৮৪০৩৮৭৬ তাং১২/৬/২৪।বিদ্যুৎ বিল বাবদ ৭২২৯১/-চেক প্রদান চেক নং ৮৪০৩৮৭৭ তাং ১৩/৬/২৪।জীপ গাড়ির জ্বালানী বাবদ ৩০৭৭৯/- চেক প্রদান চেক নং৮৪০৩৮৭৯ তাং২০/৬/২৪। | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৫৯৬

তারিখঃ ১১/০৭/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা---------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান---------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

২২.০৭.২২
আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | - | স্বাক্ষরিত |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৫ | মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | চেয়ারম্যান, ০৫ নং বুধনারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ০১ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৫ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৬ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ৩১ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ৩২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | - | স্বাক্ষরিত |
| ৩৩ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ৩৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩৫ | ফরেষ্টার সামাজিক বনায়ন কেন্দ্র | | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | |
| ২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ৩ | উপজেলা সমবায় কর্মকর্তা | |

